

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৩০(আগরতলা, ২০১৩)

খোয়াই, ২০ মার্চ ২০১৭

বেলছড়ায় সাংস্কৃতিক কর্মশালা সম্পন্ন

খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং বেলছড়া দেবেন্দ্র স্মৃতি মেমোরিয়াল সোসাইটির যৌথ উদ্যোগে আয়োজিত সপ্তাহ ব্যাপী লোক সঙ্গীত ও নৃত্যের উপর সাংস্কৃতিক কর্মশালা গতকাল দেবেন্দ্র চৌধুরী পাড়াস্থিত দশরথ দেব স্মৃতি কমিউনিটি হলে শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে এ ডি সি'র চেয়ারম্যান ড. রণজিৎ দেববর্মা, তথ্য, সংস্কৃতি ও পর্যটন বিভাগের নির্বাহী সদস্য পরীক্ষিৎ মুড়াসিং প্রমুখ উপস্থিত ছিলেন। এ ডি সি'র চেয়ারম্যান ড. রণজিৎ দেববর্মা কর্মশালার গুরুত্বারোপ করে বলেন, শিক্ষা ও সংস্কৃতি ছাড়া কোন জাতি উন্নত হতে পারে না। তিনি ছেলেমেয়েদের পড়াশোনার পাশাপাশি সংস্কৃতি চর্চা করার জন্য পরামর্শ দেন। নির্বাহী সদস্য পরীক্ষিৎ মুড়াসিং বক্তব্য রাখতে গিয়ে বলেন, সুস্থ সংস্কৃতির বিকাশ ও প্রসারে রাজ্য সরকার এবং এ ডি সি প্রশাসন যৌথ ভাবে কাজ করছে। স্বাগত ভাষণ দেন বরিশ্ট তথ্য আধিকারিক রিপণ চাকমা। সভাপতিত্ব করেন এলাকার বিশিষ্ট ব্যক্তি ধর্মেন্দ্র দেববর্মা। সমাপ্তি অনুষ্ঠানে ৬০ জন প্রশিক্ষণ প্রাপ্ত ছেলেমেয়েরা লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। অনুষ্ঠানে বেলছড়া ভিলেজের চেয়ারম্যান শিবু দেববর্মা সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন।

This document is a Smart PDF Converter product. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com